

তারিখ: 01/06/2017

আরবিআই শ্রী এস. গণেশ কুমার কে নতুন কার্যনির্বাহী নির্দেশক হিসাবে নিয়োগ করল

মে 31, 2017 তারিখে, শ্রী চন্দন সিনহা-র সেচ্ছাবসরের পর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শ্রী এস. গণেশ কুমার কে কার্যনির্বাহী নির্দেশক (ইডি) হিসাবে নিয়োগ করল। শ্রী এস. গণেশ কুমার আজই তাঁর দায়িত্ব বুঝে নিলেন।

কার্যনির্বাহী নির্দেশক হিসাবে, শ্রী গণেশ কুমার তথ্য প্রযুক্তি বিভাগ, অর্থপ্রদান এবং নিষ্পত্তি প্রণালী বিভাগ এবং বহির্দেশীয় বিনিয়োগ এবং পরিচালন বিভাগ দেখাশোনা করবেন।

শ্রী গণেশ কুমার কোচিন ইউনিভারসিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি থেকে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর পাঠ নিয়েছেন এবং আইন এবং ব্যাঙ্কিং-এ ডিপ্লোমার পাশাপাশি আইআইএম, ব্যাঙ্গালোর থেকে ম্যানেজমেন্টের ডিপ্লোমা লাভ করেছেন।

শ্রী গণেশ কুমার 1984 সালে রিজার্ভ ব্যাঙ্কে যোগ দেন এবং কেন্দ্রীয় ব্যাঙ্ক কর্মজীবনে যে সব জায়গায় কাজ করেছেন সেগুলি হল- অর্থপ্রদান ব্যবস্থা, তত্ত্বাবধান, বিদেশি মুদ্রা, তথ্য প্রযুক্তি এবং ব্যাঙ্কে থাকা সরকার এবং ব্যাঙ্কের অ্যাকাউন্ট পদোন্নতির পূর্বে শ্রী গণেশ কুমার রিজার্ভ ব্যাঙ্কের তথ্য প্রযুক্তি বিভাগে ভারপ্রাপ্ত মুখ্য মহা-প্রবন্ধক ছিলেন।

প্রেস প্রকাশনি: 2016-2017/3249

জোশ জে. কাটুর

মুখ্য মহাপ্রবন্ধক